একই তারিখ ও স্মারকে স্থলাভিষিক্ত হবে

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর।

( দুর্যোগ ব্যবস্থাপনা শাখা )

www.dinajpur.gov.bd

২৪ কার্তিক, ১৪৩০ বঙ্গাব্দ।

স্মারক নং- ৫১.০১.২৭০০.০০০.৪১.০০৭.২৩-৬৮৯ তারিখ :----------------------------

০৯নভেম্বর,২০২৩ খ্রিষ্টাব্দ।

বিষয়ঃ ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার (কাবিখা-কাবিটা-১ম পর্যায়) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারি বরাদ্দকৃত অর্থ, খাদ্যশস্য চাল ও গমের উপবরাদ্দ প্রদান প্রসংগে।

সূত্রঃ দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা'র স্মারক নং- ৫১.০১.০০০০.০১১.১৪.০০৪.২৩.২৫৬, তারিখ: ১৪/০৮/২০২৩ খ্রিঃ।

উপর্যুক্ত বিষয় ও সূত্রে ২০২৩-২০২৪ অর্থ বছরে গ্রামীণ অবকাঠামো সংস্কার ( কাবিখা-কাবিটা-১ম পর্যায় ) কর্মসূচির আওতায় উপজেলা পরিষদওয়ারি নগদ বরাদ্দকৃত অর্থ দ্বারা গৃহীত ও তাঁর দাখিলকৃত প্রকল্পগুলো পরবর্তী অনুষ্ঠিত জেলা কর্ণধার কমিটির সভায় অনুমোদন স্বাপেক্ষে। প্রকল্পগুলো বাস্তবায়ন করার নিমিত্ত বর্ণিত শর্ত সাপেক্ষে আদিষ্ট হয়ে তাঁর অনুকূলে নগদ অর্থ উপবরাদ্দ প্রদান করা হলো।

| ক্রমিক নং | উপজেলার নাম | উপ-বরাদ্দকৃত টাকা ও প্রকল্প সংখ্যা | | উপ-বরাদ্দকৃত চাল ও প্রকল্প সংখ্যা | | উপ-বরাদ্দকৃত গম ও প্রকল্প সংখ্যা | |
|---|---|---|---|---|---|---|---|
| | | প্রকল্প সংখ্যা | টাকার পরিমাণ | প্রকল্প সংখ্যা | চালের পরিমাণ ( মে:টন) | প্রকল্প সংখ্যা | গমের পরিমাণ ( মো:টন) |
| (০১) | (০২) | (০৩) | (০৪) | (০৫) | (০৬) | (০৭) | (০৮) |
| ০১. | বোচাগঞ্জ | ১২ | ৫১,৬২,৯৬২.৯৫ | ০৭ | ২৪.৯০৮৯ | ০৭ | ২৪.৯০৮৯ |
| ০২. | চিরিরবন্দর | ১৯ | ৭৪,৮৪,৫০২.০০ | ০৪ | ৩৬.১০৯ | ০৩ | ৩৬.১০৯ |
| ০৩. | পার্বতীপুর | ৩৫ | ৮৫,০১,১৯৯.১৮ | ১১ | ৪১.০১৪ | ১১ | ৪১.০১৪ |
| ০৪. | ফুলবাড়ী | ২০ | ৪৯,২১,৪৬৬.২৪ | ০৮ | ২৩.৭৪৩৮ | ০৮ | ২৩.৭৪৩৮ |
| ০৫. | খানসামা | ৩০ | ৫৭,০৬,৩২১.৪৬ | ০৪ | ২৭.৫৩০৪ | ০৪ | ২৭.৫৩০৪ |
| | মোট= | ১১৬ | ৩,১৭,৭৬,৪৫১.৮৩ | ৩৪ | ১৫৩..৩০৬১ | ৩৩ | ১৫৩.৩০৬১ |

শর্তাবলী :

ক) উপ-বরাদ্দকৃত অর্থ জেলা/উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তার কার্যালয় হতে বিলের মাধ্যমে গ্রহণ/উত্তোলন করতে হবে।

খ) এ কর্মসূচির অর্থ ব্যয়ে প্রচলিত সকল আর্থিক বিধি-বিধান এবং কাবিখা-কাবিটা নির্দেশিকা- ২০২১ -এর অনুশাসনাবলী যথাযথভাবে অনুসরণ করে আগামী ১৫/১১/২০২৩ তারিখের মধ্যে প্রকল্পসমূহ বাস্তবায়ন নিশ্চিত করতে হবে।

(গ) প্রকল্প ছক এ কার্যালয়ে দাখিল করার পর প্রকল্পের কাজ শুরু করতে হবে। অন্যথায় সংশ্লিষ্ট প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তার বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঘ) প্রি-ওয়ার্ক পরিমাপ বাধ্যতামূলকভাবে করতে হবে, প্রি-ওয়ার্ক ডকুমেন্টের ছবি তুলে রাখতে হবে, প্রি-ওয়ার্কের ভিডিও সফট কপি সিডি আকারে সংরক্ষণ করতে হবে, যাতে কর্মোত্তর জরীপের একটি তুলণা করা সম্ভব হয়। এ ছাড়া প্রতিটি প্রকল্পের বর্ণনাসহ যথাযথ সাইজের সাইন বোর্ড দৃশ্যমান স্থানে স্থাপন নিশ্চিত করতে হবে।

ঙ) উপবরাদ্দ প্রাপ্তির ০৭ (সাত) দিনের মধ্যে পি,আই,সি গঠন করে প্রকল্পের কাজ শুরু করতে হবে। অব্যয়িত অর্থ যথাসময়ে ফেরৎ প্রদান নিশ্চিত করতে হবে।

চ) প্রকল্পের সুষ্ঠু বাস্তবায়ন, অর্থ আত্মসাৎ এবং অপচয় রোধকল্পে তিনি নিজে এবং উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা নিয়মিত প্রকল্পসমূহ নিবীড়ভাবে পরিদর্শন, পরিবীক্ষণ ও মূল্যায়নের মাধ্যমে বাস্তবায়ন নিশ্চিত করবেন এবং সরকারি কর্মকর্তাদের পাশাপাশি জন প্রতিনিধিদের তদারকি/জবাবদিহীতার আওতায় এনে সর্বসাধারণের নিকট তা দৃশ্যমান করতে হবে।

ছ) নির্ধারিত ১৫/১১/২০২৩ খ্রি: তারিখের মধ্যে প্রকল্পের কাজ সম্পন্ন না হলে প্রকল্প বাতিল করে দেয়া এবং দায়ী ব্যক্তিকে চিহ্নিত করে বরাদ্দকৃত অর্থ ফেরৎ নেয়াসহ দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেক তাকে ব্যবস্থা নিতে হবে।

জ) গৃহীত প্রকল্প সরেজমিনে পরিদর্শন করে বরাদ্দকৃত অর্থ ছাড় করতে হবে। কোন প্রকল্প ভূঁয়া হিসেবে চিহ্নিত হলে আবেদনকারীকে দায়ী করে দেশের প্রচলিত আইন/বিধি মোতাবেকতাকে ব্যবস্থা নিতে হবে।

ঝ) উপবরাদ্দকৃত অর্থ ২০২৩-২০২৪ অর্থ বছরের বাজেট কোড নং- ১৪৯০১০১-২১১০০০৩০০-৩৭২১১০১ ( অর্থ) , ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০১ (চাল) এবং ১৪৯০১০১-২১১০০০২০৩-৩৭২২১০২ ( গম) হতে ব্যয় নির্বাহ করতে হবে।

ঞ) নতুনভাবে তৈরিকৃত/সংস্কারকৃ তগ্রামীণ রাস্তার দুইপার্শে স্থানীয় কৃষিবিভাগের পরামর্শক্রমে তালগাছের চারা রোপনের কার্যক্রম অন্তর্ভুক্ত করতে হবে।

ট) প্রকল্প বাস্তবায়নের অগ্রগতির প্রতিবেদন এ কার্যালয়ে প্রেরণ নিশ্চিত করতে হবে।

ঠ) হিসাব নিরীক্ষার জন্য সমস্ত রেজিস্টার, ভাউচার ও মাস্টাররোলসহ যাবতীয় রেকর্ডপত্র তাঁর কার্যালয়ে সংরক্ষণ নিশ্চিত করতে হবে।

সংযুক্তি :- প্রকল্প তালিকা.....................প্রস্থ

( মো: [illegible] রহমান )

জেলা ত্রাণ ও পুনর্বাসন কর্মকর্তা

জেলা প্রশাসক, দিনাজপুর এর পক্ষে।

চেয়ারম্যান, উপজেলা পরিষদ

বোচাগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর, ফুলবাড়ী ও খানসামা, দিনাজপুর।

অনুলিপিঃ সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে:

০১। মাননীয় সংসদ সদস্য, নির্বাচনী এলাকা, দিনাজপুর- ১,২,৩,৪,৫ ও ৬। সদয় অবগতির জন্য।

০২। পরিচালক (কাবিখা), দুর্যোগ ব্যবস্থাপনা অধিদপ্তর, ঢাকা।

০৩। জেলা খাদ্য নিয়ন্ত্রক, দিনাজপুর।

০৪।। উপজেলা নির্বাহী অফিসার,বোচাগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর, ফুলবাড়ী ও খানসামা,, দিনাজপুর।

০৫। জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, দিনাজপুর।

০৬। সহকারী কমিশনার (গোপনীয়), জেলা প্রশাসকের কার্যালয়, দিনাজপুর ( জেলা প্রশাসক মহোদয়ের সদয় অবগতির জন্য )

০৭। উপজেলা হিসাব রক্ষণ কর্মকর্তা,বোচাগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর, ফুলবাড়ী ও খানসামা, দিনাজপুর।

০৮। উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, বোচাগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর, ফুলবাড়ী ও খানসামা,, দিনাজপুর।

০৯। উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, বোচাগঞ্জ, চিরিরবন্দর, পার্বতীপুর, ফুলবাড়ী ও খানসামা,, দিনাজপুর।

১০। অফিস কপি